ইত্তেফাক

তারিখ ..২১।৭।৮০
পৃষ্ঠা... ৩ ....কলাম ..৩

# খাল খনন তিনগুণ বৃদ্ধির পরিকল্পনা

কেন্দ্রীয় খাল খনন নিয়ন্ত্রণ কক্ষের বরাত দিয়া বাসস জানায়, প্রেসিডেন্ট জিয়াউর রহমান পরিচালিত বিপ্লবের প্রথম পর্যায়ে ২৫০টি পরিকল্পনার মধ্যে ১৯২টি বাস্তবায়িত হইয়াছে। অর্জিত সাফল্য শতকরা ৯০ ভাগ। ১৯৭৯-৮০ সালে দেশে যে পরিমাণ খালকাটা হইয়াছে ১৯৮০-৮১ সালে স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে উহার তিনগুণ বেশী খালকাটা হইবে। সরকারী সুত্র জানায়, প্রেসিডেন্ট জিয়াউর রহমান মনে করেন যে, আগামী শুষ্ক মৌসুমের কর্মসূচীতে বিভিন্ন জেলায় ২৪ লক্ষ একর জমি সেচ কম্যাণ্ডের অন্তর্ভুক্ত হওয়া উচিত।

১৯৭৯-৮০ সালে কাটা মোট প্রায় ৬৫০ মাইল দীর্ঘ খাল বছরে দুইবার ধানসহ অন্ততঃ তিনবার ফসল ফলাইতে প্রায় সাত লক্ষ একর জমিতে সেচের সহায়ক হইবে। এইসব খালের তাৎক্ষণিক সুফল হিসাবে চলতি মৌসুমে অতিরিক্ত ছয় লক্ষ টন খাদ্যসস্য উৎপন্ন হইয়াছে।

সুত্র জানায়, দ্বিতীয় পাঁচসালা পরিকল্পনার শেষ নাগাদ বর্তমানে চাষযোগ্য দুই কোটি ৫৫ লক্ষ একর জমিতে বছরে দুই কোটি টন খাদ্যশস্য উৎপাদনের উদ্দেশ্যে ৭২ লক্ষ একর জমি সেচের আওতায় আনায় এবং ৬৩ লক্ষ একর জমি বন্যার কবল হইতে রক্ষার কর্মসূচী গ্রহণ করা হইয়াছে।